SNV Impact that matters
CWIS-FSM Support Cell
Kingdom of the Netherlands



# বাগেরহাট পৌরসভায় জেন্ডার সমতা ও সামাজিক অন্তর্ভুক্তিকরণ (GESI)-বিষয়ক গবেষণা

VAALO avant-garde ltd
Value Attention Alternative Development Learning Options

## ভূমিকা

"বাগেরহাট পৌরসভায় 'জেন্ডার সমতা ও সামাজিক অন্তর্ভুক্তিকরণ (Gender Equality and Social Inclusion - GESI)' শীর্ষক গবেষণাটি ছিল মূলত এসএনভি-এর **"নগরভিত্তিক পানিচক্রের টেকসই রূপান্তর"** প্রকল্পের একটি উদ্যোগ। এই প্রকল্পটি বাগেরহাট পৌরসভার সাথে অংশীদারিত্বের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের একটি অন্যতম কর্মপন্থা হলো সমাজের সকল শ্রেণীর মানুষকে উন্নয়ন কর্মকান্ডে অংশগ্রহণের জন্য কাজ করা বিশেষ করে নারী, প্রতিবন্ধী ব্যক্তি এবং সমাজের অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠী। গবেষণাটির মূল উদ্দেশ্য ছিল, পৌরসভার উন্নয়ন কার্যক্রম তথা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায়, বিশেষ করে নিরাপদ পানি, স্যানিটেশন ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনায় নারী, প্রতিবন্ধী ব্যক্তি এবং প্রান্তিক জনগোষ্ঠীর সম্পৃক্ততার বর্তমান ব্যাপ্তী সম্পর্কে জানা এবং ভবিষ্যৎ সুযোগ খুঁজে বের করা। বাগেরহাট পৌরসভার বিদ্যমান বিভিন্ন কমিটি এবং উন্নয়ন প্রক্রিয়ায় জেন্ডার সমতা ও সামাজিক অন্তর্ভুক্তির বিষয়গুলো ভালোভাবে বোঝার জন্য এসএনভি এবং বাগেরহাট পৌরসভা এই গবেষণা পরিচালনা করে, যা প্রকল্পের কার্যক্রম পরিচালনায় সহায়ক ভূমিকা পালন করবে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের CWIS-FSM সাপোর্ট সেল এই গবেষণা পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদান করেছে। গবেষণাটির পরামর্শদাতা হিসেবে VAALO avant-garde ltd. কাজ করেছে।



## গবেষণা পদ্ধতি

- কোয়ালিটেটিভ (গুণগত) স্টাডি
- সেকেন্ডারি তথ্য পর্যালোচনা
- গবেষণাটির জন্য তথ্য সংগ্রহ করা হয় বাগেরহাট পৌরসভার ৩, ৪, ৬, ৭ নং ওয়ার্ড থেকে
- পরিদর্শন ও তথ্য সংগ্রহের পূর্বে তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ প্রদান
- পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রতিনিধি ও স্টেকহোল্ডারদের নিয়ে দিনব্যাপী কর্মশালা
- কমিউনিটির জনগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও স্টেকহোল্ডারদের ২৫টি ইন্টারভিউ (KII) এবং ৬টি দলীয় আলোচনা (ফোকাস গ্রুপ ডিসকাশন)
- বিষয়ভিত্তিক প্রাপ্ত তথ্য পর্যালোচনা এবং রিপোর্ট তৈরি
- অংশগ্রহণকারীর সম্মতি নিশ্চিত করা এবং তথ্যের গোপনীয়তা রক্ষা করা

## পর্যালোচনার মাধ্যমে সংশ্লিষ্ট নীতিমালা ও নথির গ্যাপ বিশ্লেষণ

| পর্যালোচিত নীতিমালা | উপ-বিষয়/সাব থিম | | মূল বিষয়/থিম |
|---|---|---|---|
| নীতিমালার নাম | জেন্ডার সমতা | সামাজিক অন্তর্ভুক্তি | জেন্ডার সমতা ও সামাজিক অন্তর্ভুক্তি |
| স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন ২০২২ | ✓ | ✓ | ✓ |
| ওয়ার্ড কমিটি (WC) এবং টাউন লেভেল কো-অর্ডিনেশন কমিটির (TLCC) টার্মস অফ রেফারেন্স (ToR) | ✓ | ✓ | ✓ |
| জেন্ডার সমতা কৌশল এবং কর্ম পরিকল্পনা ২০২২-২০৩০ (LGED) | ✓ | ✗ | আংশিকভাবে উল্লেখিত |
| জেন্ডার অ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নের জন্য নির্দেশিকা | ✓ | ✗ | আংশিকভাবে উল্লেখিত |
| পৌরসভায় পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার (এফএসএম) প্রাতিষ্ঠানিক ও আইনি কাঠামো (IRF) এবং জাতীয় কর্মপরিকল্পনা (NAP) | ✓ | ✓ | ✓ |
| কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০২১ | ✗ | ✗ | ✗ |
| WASH এবং IWRM-এ জেন্ডার সমতা ও সামাজিক অন্তর্ভুক্তি সংযুক্ত করার জন্য গাইড (USAID) | ✓ | ✓ | ✓ |
| বাংলাদেশের জেন্ডার অন্তর্ভুক্তি WASH নীতির পর্যালোচনা | ✓ | ✓ | ✓ |
| "নগরভিত্তিক পানিচক্রের টেকসই রূপান্তর" প্রকল্পের প্রকল্প প্রস্তাবনা | ✓ | ✓ | ✓ |
| "নগরভিত্তিক পানিচক্রের টেকসই রূপান্তর" প্রকল্পের বেইজলাইন রিপোর্ট | ✓ | ✓ | ✓ |

## বাগেরহাট পৌরসভায় বিদ্যমান সরকারি/বেসরকারি সংস্থা এবং তাদের সেবাসমূহ

| সংস্থার নাম | কাজের ক্ষেত্র | বাগেরহাটে কাজের ক্ষেত্র |
| --- | --- | --- |
| **মহিলা বিষয়ক অধিদপ্তর** | • দুঃস্থ মহিলাদের ভিজিডি খাদ্য সহায়তা প্রদান।<br>• পৌর এলাকায় কর্মজীবি দুগ্ধদানকারী মা'দের জন্য ভাতা প্রদান।<br>• ঋনদান কর্মসূচি।<br>• স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও নিয়ন্ত্রণ। | • ঋতুকালীন স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে নারীদেরকে সচেতন করা।<br>• পৌর এলাকায় কর্মজীবি দুগ্ধদানকারী মা'দের জন্য ভাতা প্রদান (স্বল্প আয়ের কমিউনিটিসহ)।<br>• ঋনদান কর্মসূচি (স্বল্প আয়ের কমিউনিটিসহ)।<br>• স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও নিয়ন্ত্রণ। |
| **সমাজ সেবা অধিদপ্তর** | • প্রতিবন্ধী ব্যক্তি সনাক্তকরণ জরিপ, পরিচয় পত্র প্রদান, বিভিন্ন উপকরণ প্রদান।<br>• প্রান্তিক জনগোষ্ঠীকে ভাতা প্রদান।<br>• দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | • প্রতিবন্ধী ব্যক্তি সনাক্তকরণ জরিপ, পরিচয় পত্র প্রদান, বিভিন্ন উপকরণ প্রদান।<br>• প্রান্তিক জনগোষ্ঠীকে ভাতা প্রদান (স্বল্প আয়ের কমিউনিটিসহ)।<br>• দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (স্বল্প আয়ের কমিউনিটিসহ) |
| **প্র্যাকটিকাল অ্যাকশন বাংলাদেশ** | • নিম্ন আয়ের কমিউনিটি, স্যানিটেশন কর্মী ফেডারেশন, অন্তর্ভূক্তিমূলক এবং জলবায়ু-স্থিতিস্থাপক বর্জ্য এবং স্যানিটেশন প্রোগ্রাম। | • বর্জ্য ও স্যানিটেশন কর্মীদের সাথে সম্পৃক্ততা বজায় রাখা।<br>• উদ্যোক্তা হওয়ার দক্ষতা বৃদ্ধি।<br>• কর্মপরিবেশের উন্নতি করা। |
| **সোসাইটি ডেভেলপমেন্ট কমিটি** (SDC) | • পানি ও স্যানিটেশন, নারীর ক্ষমতায়ন<br>• কঠিন ও পয়:বর্জ্য ব্যবস্থাপনা<br>• সঞ্চয় আমানত, মানবাধিকার<br>• পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যসুরক্ষা প্রকল্প<br>• পানি পরিশোধন প্ল্যান্ট প্রকল্প | • কারিগরি ও উদ্যোক্তা দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ<br>• বর্জ্য/স্যানিটেশন কর্মীদের জন্য সঞ্চয় আমানত/জীবন বীমা |
| **উদ্দীপন** | • পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যসুরক্ষা প্রকল্প<br>• পানি পরিশোধন প্ল্যান্ট প্রকল্প | • আদিবাসী জনগোষ্ঠীর জন্য ঋণ সুবিধা<br>• কম সার্ভিস চার্জ গ্রহণ<br>• মোবাইল শাখা পরিচালনা<br>• সাংস্কৃতিক ও আর্থিক উন্নয়ন প্রকল্প |
| **বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি** (BDRCS) | • দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি ব্যবস্থাপনা<br>• দুর্যোগ মোকাবেলার প্রশিক্ষণ<br>• স্বাস্থ্য, পরিকল্পনা ও উন্নয়ন | • পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন<br>• জেন্ডার ও বৈচিত্র্য সুরক্ষায় গুরুত্বারোপ<br>• শিশু সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়া |
| **সংকল্প প্রতিবন্ধী উন্নয়ন সংস্থা** | • প্রতিবন্ধী ব্যক্তিদের জীবিকা উন্নয়ন | • স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য সহায়তায় প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার নিয়ে প্রচারণা। |
| **রূপান্তর (অপরাজিতা নেটওয়ার্ক)** | • নারীর রাজনৈতিক ক্ষমতায়ন | • সিদ্ধান্ত গ্রহণে নারীদের অংশগ্রহণের পক্ষে প্রচারণা |

# ফলাফলসমূহ

## জেন্ডার সমতা

১ বাগেরহাট পৌরসভায় **৮৫%** পরিচ্ছন্নকর্মী নারী, এবং তারা পুরুষদের মতো সমান মজুরি পান।

২ বিভিন্ন কমিটিতে নারীদের উপস্থিতি থাকা সত্ত্বেও, তারা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করছেন না।

৩ নারী-বান্ধব অবকাঠামোর অভাব, যেমন পৌরসভা অফিসে পাবলিক টয়লেট এবং স্বল্প আয়ের কমিউনিটিতে (LIC) নারীদের জন্য আলাদা টয়লেট নেই।

৪ বাগেরহাট পৌরসভায় সঠিকভাবে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার অভাব নারীদের উপর বেশি প্রভাব ফেলে। কারণ ঘরের বর্জ্য ব্যবস্থাপনার দায়িত্ব তাদেরই, কিন্তু সিদ্ধান্ত গ্রহণে তাদের অংশগ্রহণ কম এবং তাদের মধ্যে তথ্য ও সচেতনতার অভাব রয়েছে।

৫ বর্জ্য ব্যবস্থাপনার সাথে জড়িত নারীরা এবং মেয়েরা দুর্বলভাবে পরিচালিত বর্জ্যের সংস্পর্শে আসার কারণে স্বাস্থ্য সমস্যার ঝুঁকিতে রয়েছে।

৬ নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যসুরক্ষা পাওয়া নারীদের জন্য খুবই চ্যালেঞ্জিং। পাবলিক স্থানসমূহে নারীদের জন্য পৃথক ও নারী-বান্ধব স্যানিটেশন সুবিধার অভাব থাকায় তাদের চলাচল বাধাগ্রস্ত হয়।

৭ সামাজিক রীতিনীতি, প্রথা ও বিশ্বাসের প্রতিবন্ধকতা ও নিরাপত্তার উদ্বেগের কারণে নারীদের পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা (FSM) এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (SWM) কার্যক্রমে অংশগ্রহণ কম।

**“সম্মান ও ন্যায়ের জন্য সংগ্রাম”**

সন্ধ্যা রানী রায়, একটি দরিদ্র পরিবারের দৃঢ় মানসিকতার গৃহিনী, বাগেরহাটের ওয়ার্ড ০৬-এ বস্তির উন্নয়ন ও শহর সমন্বয় কমিটিতে কাজ করেছেন। তিনি পথ নির্মাণের জন্য শ্রমিকদের নেতৃত্ব দিয়েছেন এবং জেন্ডার বৈষম্যের কারণে তাকে যে অবহেলা ও অসম্মান করা হতো তা মোকাবিলা করেছেন। সন্ধ্যার কন্যা স্কুলে প্রতিকূলতার সম্মুখীন হয়, কিন্তু তার অভিভাবকরা (সন্ধ্যা এবং তার স্বামী) সেই সমস্যার সমাধান করেন, যা তাকে ন্যায়ের জন্য সংগ্রাম করার মানসিকতা জাগিয়ে তোলে। তার এই আত্মসম্মানের কাহিনী প্রতিরোধ ও প্রচারের শক্তি প্রদর্শন করে।

### পরিবার প্রধানের জেন্ডার অনুসারে মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা

| পুরুষ | | নারী |
|---|---|---|
| ৩৪.৪% | লেভেল ৪: মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনার নিরাপদ সুবিধা, উপকরণ এবং নিষ্পত্তির (ডিসপোজাল) ব্যবস্থা আছে | ৪৪.২% |
| ৩৪.৪% | লেভেল ৩: মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনার সুবিধা আছে এবং নিরাপদ উপকরণ আছে | ২৭.৯% |
| ১৭.৬% | লেভেল ২: মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনার নিরাপদ সুবিধা আছে | ১৮.৬% |
| ১০.৭% | লেভেল ১: মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনার সুবিধা আছে | ৭.০০% |
| ২.৯% | লেভেল ০: মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনার কোন সুবিধা নেই | ২.৩% |

## সামাজিক অন্তর্ভুক্তি

১ বর্জ্য ব্যবস্থাপনার অভাব প্রান্তিক জনগণের উপর বেশি প্রভাব ফেলে, যা পরিবেশ এবং স্বাস্থ্য ঝুঁকির দিকে নিয়ে যায়।

২ এই প্রান্তিক জনগোষ্ঠী সঠিক বর্জ্য ব্যবস্থাপনা সেবাপ্রাপ্তিতে বড় চ্যালেঞ্জের সম্মুখীন হয়, যা অস্বাস্থ্যকর পরিস্থিতি এবং স্বাস্থ্যঝুঁকি বৃদ্ধির কারণ হয়।

৩ বাগেরহাট পৌরসভায় নিম্ন আয়ের ও প্রান্তিক জনগণের জরুরি স্বাস্থ্য সুবিধা প্রাপ্তিতে সমস্যা রয়েছে, বিশেষ করে বর্ষা মৌসুম এবং প্রাকৃতিক দুর্যোগ তাদের দুর্ভোগ বাড়িয়ে তোলে। উদাহরণস্বরূপ, স্বল্প আয়ের কমিউনিটিতে (LIC) ১২টি পরিবার একটি টয়লেট ব্যবহার করে, যেখানে নারীদের এবং পুরুষদের জন্য আলাদা সুবিধা নেই, যা স্যানিটেশন ও স্বাস্থ্যবিধিতে গুরুতর বাধা সৃষ্টি করে।

৪ প্রান্তিক জনগণ (পরিচ্ছন্নকর্মী, স্যানিটেশন কর্মী, হরিজন সম্প্রদায়, স্বল্প আয়ের কমিউনিটিতে বসবাসকারী) প্রায়ই পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, জলাবদ্ধতা ব্যবস্থাপনা, বন্যা ও খরার ব্যবস্থাপনা এবং পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যসুরক্ষা প্রকল্পের পরিকল্পনা থেকে বাদ পড়ে। এতে তাদের প্রয়োজনগুলি পুরোপুরি সমাধান হয় না, কারণ উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়নের সময় তাদের মতামত গ্রহণ করার সুযোগ কম থাকে।

৫ জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অবকাঠামোভিত্তিক সুবিধাগুলো সীমিত, এবং ঘূর্ণিঝড়ের আশ্রয়কেন্দ্র ও স্যানিটেশন সুবিধায় তাদের জন্য বিশেষ ব্যবস্থার অভাব রয়েছে।

### পরিবার প্রধানের জেন্ডার অনুসারে পরিবার পর্যায়ে কঠিন বর্জ্য সংরক্ষণ

| পুরুষ | | নারী |
|---|---|---|
| ১১.৭% | লেভেল ৪: নিরাপদভাবে কঠিন বর্জ্য সংরক্ষণ এবং নিষ্পত্তি (ডিসপোজাল) | ২৩.৫% |
| ২১.৬% | লেভেল ৩: নিরাপদভাবে কঠিন বর্জ্য সংরক্ষণ | ১৬.২% |
| ০.৪% | লেভেল ২: ছড়ানো ছিটানো ছাড়া নিরাপদভাবে কঠিন বর্জ্য সংরক্ষণ | ০.০% |
| ৬৫.২% | লেভেল ১: অনিরাপদভাবে কঠিন বর্জ্য সংরক্ষণ | ৬০.৩% |
| ১.১% | লেভেল ০: কঠিন বর্জ্য সংরক্ষণের কোন নির্দিষ্ট স্থান নেই | ০.০% |

## জেন্ডার সমতা ও সামাজিক অন্তর্ভুক্তি (GESI) বাস্তবায়নের জন্য সক্ষমতা বৃদ্ধি এবং স্থায়ীত্বশীলতা

১ GESI সমন্বিত প্রোগ্রাম ও প্রকল্প বাস্তবায়নের ওপর প্রশিক্ষণ ও কর্মশালার অভাব পৌরসভার নির্বাচিত সদস্য, সরকারি কর্মকর্তা এবং বিভিন্ন কমিটি সদস্যদের GESI নীতিগুলি উন্নয়ন পরিকল্পনায় কার্যকরভাবে সংযুক্ত করার ক্ষমতা সীমিত করেছে।

২ উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে নারী ও প্রান্তিক জনগণের মতামতের  অভাব GESI উদ্যোগ স্থায়ী করার পন্থাগুলিকে বাধাগ্রস্ত করেছে।

৩ বাংলাদেশের স্যানিটেশন কর্মীদের জন্য সম্মানজনক কর্মপরিবেশ নিশ্চিত করতে বিভিন্ন এনজিও (যেমন: প্র্যাকটিকাল অ্যাকশন, সোশ্যাল ডেভেলপমেন্ট কমিটি) সক্রিয়ভাবে কাজ করছে।

৪ সোশ্যাল ডেভেলপমেন্ট কমিটি দ্বারা "Towards a Dignified Life for All Sanitation Workers in Bangladesh" শিরোনামে একটি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে যার  লক্ষ্য হলো স্যানিটেশন কর্মীদের (যারা বাগেরহাট পৌরসভার নিবন্ধিত কর্মী) ক্ষমতায়ন এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তাদের ভূমিকা নিশ্চিত করা।

৫ সরকারের মহিলা অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর নারীদের এবং প্রান্তিক জনগণের ক্ষমতায়নের জন্য দক্ষতা উন্নয়ন ও সামাজিক-অর্থনৈতিক অবস্থা উন্নয়নের ওপর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে।

## ❝ প্রতিরোধ ও ক্ষমতায়ন: রোকসানার অনুপ্রেরণাময় যাত্রা ❞

বাগেরহাট পৌরসভায় পরিচ্ছন্নকর্মী রোকসানা আর্থিক চ্যালেঞ্জ অতিক্রম করে একটি চায়ের দোকান শুরু করেন। প্রতি মাসে মাত্র ৩০০০ টাকা উপার্জন করলেও, তিনি একটি ক্ষুদ্র ঋণ নিয়ে সেটি সময়মতো পরিশোধ করতে সক্ষম হয়েছেন। এরপর তিনি তার ব্যবসা বাড়ান, যা তার পরিবারের জন্য একটি স্থায়ী আয়ের উৎস তৈরি করে। তার চায়ের দোকানটি এখন কমিউনিটির একটি মিলনস্থলে পরিণত হয়েছে, যা তার সহনশীলতার (resilient) প্রতীক।

### দিকনির্দেশনা: বসতির ধরন অনুসারে স্যানিটেশন সুবিধাতে প্রবেশাধিকার

| | পরিকল্পনামাফিক বসতি এলাকা | অপরিকল্পনামাফিক বসতি এলাকা | স্বল্প আয়ের বসতি এলাকা/বস্তি |
|---|---|---|---|
| লেভেল ৪: নিরাপদ পরিবেশসম্মত টয়লেট | ৫৯.৭% | ৩০.৫% | ০.০% |
| লেভেল ৩: মাছি যাতে ঢুকতে না পারে তার ব্যবস্থাসহ উন্নত টয়লেট | ৩৬.১% | ৫০.২% | ৫.০% |
| লেভেল ২: বেসিক টয়লেট | ১.৪% | ৬.০% | ২৫.০% |
| লেভেল ১বি: যৌথ টয়লেট | ২.৮% | ১৩.৩% | ৬৫.০% |
| লেভেল ১এ: অনুন্নত টয়লেট | ০.০% | ০.০% | ৫.০% |
| লেভেল ০: কোন টয়লেট সুবিধা নাই/উন্মুক্তস্থানে মল ত্যাগ | ০.০% | ০.০% | ০.০% |

## পরামর্শসমূহ

### জেন্ডার সমতা

- পৌরসভার নিরাপদ পানি, স্যানিটেশন, পয়:বর্জ্য ব্যবস্থাপনা, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ও স্বাস্থ্যসুরক্ষা সেবায় জেন্ডার সমতা প্রচার করতে হবে, যা সচেতনতা, অংশগ্রহণ এবং নীতি ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীদের নেতৃত্বকে অন্তর্ভুক্ত করবে, এবং নারীদের প্রভাব বাড়ানোর জন্য সক্ষমতা বৃদ্ধি, আইনগত পদক্ষেপ ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- পৌরসভার বিভিন্ন কমিটিতে (কমিউনিটি থেকে পৌরসভা পর্যন্ত) নারীদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে, যাতে তারা তাদের বিশেষ প্রয়োজন এবং চ্যালেঞ্জগুলি সমাধানে অন্তর্ভুক্তিমূলক এবং কার্যকর সমাধান পায়।
- বিভিন্ন কমিটিতে অন্তর্ভূক্ত নারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণসহ বিশেষ উদ্যোগ গ্রহণ করা।
- নারীদের জন্য ঋতুকালীন স্বাস্থ্য পরিচর্যার অভ্যাস উন্নয়নের জন্য কর্মকৌশল গ্রহণ করা।
- কর্মসংস্থান নীতিতে জেন্ডার দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত করতে হবে, যাতে সমতা ও ন্যায্যতা প্রচারিত হয় এবং বর্জ্য ব্যবস্থাপনায় নেতৃত্বের ভূমিকায় একটি অন্তর্ভুক্তিমূলক পরিবেশ তৈরি হয়।
- জেন্ডার সমতার তাত্ত্বিক বোঝাপড়ার জন্য এ সম্পর্কিত নীতির নিয়মিত পর্যালোচনা, বাস্তবায়ন এবং মেনে চলার জন্য শক্তিশালী ট্র্যাকিং পদ্ধতি প্রয়োজন, যার মধ্যে নিয়মিত নিরীক্ষা ও প্রতিক্রিয়া ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকবে।
- পৌরসভায় যারা সেবা নিতে আসেন বিশেষ করে নারী, প্রতিবন্ধী নারী, মাতৃদুগ্ধ প্রদানকারী নারীদের জন্য বিশ্রামের কর্ণারের ব্যবস্থা করা।
- দুর্যোগ প্রস্তুতিতে নারীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য উদ্যোগ গ্রহণ করা, আশ্রয়কেন্দ্রে আলাদা এবং ভালোভাবে রক্ষণাবেক্ষিত টয়লেটের ব্যবস্থা রাখা, এবং ঝুঁকির মধ্যে থাকা জনগোষ্ঠীগুলোর নির্দিষ্ট প্রয়োজনগুলি মেটানোর জন্য সুরক্ষামূলক পরিবেশ তৈরি করা।
- GESI কাঠামোটি প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে, যাতে অবকাঠামো প্রকল্পে জেন্ডার-ভিত্তিক সুবিধা নিশ্চিত হয় এবং বিদ্যমান কাঠামোর সংস্কার হয়।



> “বাগেরহাটে প্রতিবন্ধী অধিকার সুরক্ষা”

ফিরোজ হালদার, একজন প্রতিবন্ধী ব্যক্তি এবং বাগেরহাটের প্রতিবন্ধী ব্যক্তি অধিকারের নেতা। তিনি প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনযাত্রা উন্নয়নের জন্য কাজ করছেন। পাশাপাশি হাসপাতালে পৃথক লাইনের জন্য, আর্থিক স্থিতিশীলতার জন্য এবং পৌরসভা ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিতে প্রতিনিধিত্বের জন্য প্রচারণা চালিয়েছেন। তার কাজ প্রচার এবং অন্তর্ভুক্তিমূলক নীতির শক্তিকে তুলে ধরে।

## সামাজিক অন্তর্ভুক্তি

- প্রান্তিক জনগণের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ এবং কর্মশালার মাধ্যমে তাদের স্থানীয় কমিটিতে (যেমন TLCC এবং WC) প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে এবং তাদের অংশগ্রহণ এবং প্রচারণা বাড়ানোর জন্য এই ফোরামগুলোকে পুনরায় সক্রিয় করতে হবে।
- কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা এবং পানি ও স্যানিটেশন ব্যবস্থাপনার প্রকল্পগুলোতে প্রতিবন্ধী ব্যক্তি এবং প্রান্তিক জনগোষ্ঠীকে সক্রিয়ভাবে সম্পৃক্ত করতে হবে, যাতে বিভিন্ন অন্তর্ভুক্তিমূলক ফোরাম, থিম্যাটিক আলোচনা, এবং প্রতিক্রিয়া (reflection) সেশনের মাধ্যমে তারা বিভিন্ন সভা, সিদ্ধান্ত গ্রহণ এবং কৌশলগত কর্মকান্ডে অর্থপূর্ণভাবে অংশগ্রহণ করতে পারে।
- স্যানিটেশন অবকাঠামোর মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের এবং প্রান্তিক জনগণের জন্য স্যানিটেশন সুবিধা, যেমন প্রতিবন্ধীবান্ধব টয়লেট ও পানির উৎস নিশ্চিত করতে হবে, যাতে স্যানিটেশনে ন্যায়সঙ্গত সেবাপ্রাপ্তি নিশ্চিত হয়।
- সকল ধরনের স্যানিটেশন কর্মী, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কর্মী, প্রতিবন্ধী ব্যক্তি এবং অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর ডাটাবেইজ তৈরি করা এবং তাদের জন্য তাদের মতামতের ভিত্তিতে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা এবং বাস্তবায়ন করা।
- বাগেরহাট পৌরসভায় জলাবদ্ধতার ঝুঁকি কমাতে একটি সুষ্ঠু নিষ্কাশন ব্যবস্থা গড়ে তোলার জন্য অগ্রাধিকার দেওয়া উচিত এবং GESI কাঠামোকে একীভূত করে প্রান্তিক এবং ঝুঁকির মধ্যে থাকা জনগোষ্ঠীর সিদ্ধান্ত গ্রহণ পদ্ধতিতে প্রবেশাধিকার বাড়াতে হবে।
- বাগেরহাট পৌরসভায় বর্জ্য সংগ্রহের সক্ষমতা মূল্যায়ন করে এবং GESI নিশ্চিত করে প্রান্তিক জনগোষ্ঠীর প্রয়োজনগুলি মেটাতে এবং সমতাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে হবে।
- পরিচ্ছন্নতার কাজের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম, যেমন ময়লা পরিষ্কার করার ঝাড়ু এবং ব্যক্তিগত সুরক্ষা উপকরণ (PPE) যেমন মাস্ক, গ্লাভস এবং বুট সরবরাহ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কর্মীরা যাতে ব্যবহার করে তার জন্য মনিটরিং, উৎসাহ ও প্রণোদনা প্রদান করা।
- স্বল্প আয়ের কমিউনিটিতে নিরাপদ পানি, স্যানিটেশন, পয়:বর্জ্য, কঠিন বর্জ্য, নর্দমা ব্যবস্থাপনা সেবার আওতায় আনার জন্য অগ্রাধিকার ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করা।
- পৌরসভার সেবা সম্পর্কে প্রান্তিক জনগোষ্ঠীর মতামত প্রদানের জন্য (ফিডব্যাক) ব্যবস্থা গ্রহণ করা। স্যানিটেশন কর্মীদের বেতন পর্যালোচনা করা প্রয়োজন, যাতে তারা তাদের মৌলিক ও পারিবারিক প্রয়োজন মেটাতে সক্ষম হয়, যা তাদের কাজের প্রতি উৎসাহ বৃদ্ধি করতে পারে।

বাংলাদেশের জেন্ডার অন্তর্ভুক্তিমূলক নীতিগুলি স্থানীয়-স্তরে বাস্তবায়নে চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে। পৌরসভার নির্বাচিত কর্মকর্তাদের এবং অংশীজনদের জন্য প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে যাতে তারা GESI-এর গুরুত্ব বুঝতে পারেন, উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করেন, বাজেট বরাদ্দ করেন এবং বাস্তবায়ন করেন। পৌরসভা বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে জেন্ডার সমতা এবং সামাজিক অন্তর্ভুক্তিমূলক কার্যক্রম করা প্রয়োজন। বেসরকারি খাতের অংশগ্রহণ GESI কাঠামো উন্নত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই ফলাফল অর্জন করার জন্য বাগেরহাট পৌরসভা স্থানীয় পর্যায়ের বিভিন্ন অংশীজনদের সাথে অংশগ্রহণের মাধ্যমে নারী, প্রতিবন্ধী ব্যক্তি এবং অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর নেতৃত্ব, ক্ষমতায়ন ও জীবনমান উন্নয়নের জন্য নেতৃত্ব প্রদান করবেন।




**প্রয়োজনে যোগাযোগ করুন**

**টিএম রেজাউল হক রিজভী**
সহকারী প্রকৌশলী এবং ফোকাল পারসন, SUWC প্রকল্প
বাগেরহাট পৌরসভা, বাগেরহাট
design.cell.bag@gmail.com

**প্রশান্ত শর্মা রায়**
গভর্ন্যান্স এন্ড অ্যাডভোকেসি এ্যাডভাইজার
এসএনভি
proy@snv.org